বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ ... 14 APR 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

আজকের কাগজ

০৬

# কমলগঞ্জে ১৬টি বিদ্যালয় গম পায়নি

কমলগঞ্জ থানার রহিমপুর ও পতনউষার ইউনিয়নের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু করার পর থেকেই শিশু কিশোরদের মধ্যে গম বিতরণে অনিয়ম ও দুর্নীতি প্রকট আকার ধারণ করেছে। প্রকাশ, গমের ভাগ বাটোয়ারা নিয়ে প্রধান শিক্ষক ও বিদ্যালয় কমিটির মধ্যে দেনদরবারকে নিয়ে কমিটির সদস্যরা পদত্যাগ করেছেন। এই দেনদরবারের ফলে গত জানুয়ারি মাসের নিরীক্ষা রিপোর্ট থানা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে দাখিল না করায় পতনউষার ইউনিয়নের ১০টি বিদ্যালয়ের ৭ হাজার ৭০ কেজি এবং রহিমপুর ইউনিয়নের ৬টি বিদ্যালয়ের ১০ হাজার ৮২০ কেজি গমের ডিও উত্তোলন সম্ভব হয়নি। ফলে এসব বিদ্যালয়ের শিশু কিশোররা গম পাওয়া থেকে বঞ্চিত হয়েছে। কমলগঞ্জ থানা শিক্ষা কর্মকর্তা জানান, বিদ্যালয় কমিটির সভাপতিরা সময়মতো রিটার্ন দাখিল না করায় এসব বিদ্যালয়ের গমের ডিও করা যায়নি। তাই বিতরণ করা সম্ভব হয়নি। কমলগঞ্জ থেকে লিটন চৌধুরী।